# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১১০৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৪৫]

৫। মাসজিদ ও সালাতের স্থানসমূহ (كتاب المساجد ومواضع الصلاة)

পরিচ্ছেদঃ ১১. কোমরে হাত রেখে সালাত আদায় করা মাকরূহ

باب كَرَاهَةِ الاِخْتِصَارِ فِي الصَّلاَةِ

আরবী

وَحَدَّثَنِي الْحَكَمُ بْنُ مُوسَى الْقَنْطَرِيُّ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، ح قَالَ وَحَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبُو خَالِدٍ، وَأَبُو أُسَامَةَ جَمِيعًا عَنْ هِشَامٍ، عَنْ مُحَمَّدٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ نَهَى أَنْ يُصَلِّيَ الرَّجُلُ مُخْتَصِرًا ‏.‏ وَفِي رِوَايَةِ أَبِي بَكْرٍ قَالَ نَهَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم ‏.‏

বাংলা

১১০৫-(৪৬/৫৪৫) হাকাম ইবনু মূসা আল কানতারী (রহঃ) ..... আবূ হুরায়রাহ (রাযিঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন যে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কাউকে কোমরে হাত রেখে সালাত আদায় করতে নিষেধ করেছেন। আর আবূ বকরের বর্ণনায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পরিবর্তে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শব্দ উল্লেখ আছে। তিনি বলেছেনঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাউকে কোমরে হাত রেখে সালাত আদায় করতে নিষেধ করেছেন। (ইসলামী ফাউন্ডেশন ১০৯৯, ইসলামীক সেন্টার ১১০৭)

## English

Abu Huraira reported from the Messenger of Allah (ﷺ) that he forbade keeping one's hand on one's waist while praying, and in the narration of Abu Bakr (the words are):
The Messenger of Allah (ﷺ) forbade to do so.

হাদিসের শিক্ষা

* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

১। আরবী ভাষায় নামাজের মধ্যে কোমরের উপরে এক হাত কিংবা দুই হাত রেখে নামাজ পড়াকে (اَلْإِخْتِصَارُ) আল ইখতিসার বলা হয়। তবে এই বিষয়ে অন্য উক্তিও রয়েছে।

২। মুসলিম ব্যক্তির উচিত যে, সে যেন নামাজে প্রবেশ করে সব চেয়ে সুন্দর অবস্থায়।

৩। এই হাদীসটির দ্বারা প্রমাণিত হয় যে, কোমরে হাত রেখে নামাজ পড়া জায়েজ নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=47858

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন